

# প্রিমিয়ার বিশ্ববিদ্যালয় পরিচালনা করবে চসিক -মেয়র শাহাদাত

চট্টগ্রাম ব্যুরো

০৯ ডিসেম্বর ২০২৪, ১২:০০ এএম



চট্টগ্রামে বেসরকারি প্রিমিয়ার বিশ্ববিদ্যালয় চট্টগ্রাম সিটি করপোরেশনের (চসিক) অধীনেই পরিচালনা হবে বলে জানিয়েছেন মেয়র ডা. শাহাদাত হোসেন। গতকাল রবিবার চসিকের সার্বিক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার জন্য স্থানীয় সরকার বিভাগের গঠিত কমিটির সঙ্গে আয়োজিত সাধারণ সভায় তিনি এ কথা জানান। সভায় উপস্থিত কমিটির সদস্যরা সর্বসম্মতভাবে প্রিমিয়ার বিশ্ববিদ্যালয়কে চসিকের অধীনে পরিচালনার প্রস্তাব সমর্থন করেন।

মেয়র শাহাদাত হোসেন বলেন, চসিকের টাকায় এবং জমিতে প্রতিষ্ঠিত হয় প্রিমিয়ার বিশ্ববিদ্যালয়। ২০০৩ সালেও চসিকের নিজস্ব ৪৭ কোটি টাকা দিয়ে

বিশ্ববিদ্যালয়টির ভূমি কেনা হয়েছে। তাই প্রিমিয়ার বিশ্ববিদ্যালয় চসিকের সম্পত্তি, চট্টগ্রামের জনগণের সম্পত্তি। বিশ্ববিদ্যালয়টির শিক্ষার্থীদের দাবির পরিপ্রেক্ষিতে তাদের সুন্দর শিক্ষাজীবন নিশ্চিত প্রিমিয়ার বিশ্ববিদ্যালয় চসিকের অধীনে পরিচালিত হবে।

আইনি প্রক্রিয়াতেই প্রিমিয়ার বিশ্ববিদ্যালয় চসিকের নিয়ন্ত্রণে ফিরবে জানিয়ে তিনি বলেন, জালিয়াতির মাধ্যমে এ বিশ্ববিদ্যালয়কে দখল করা হয়েছে। এ জন্য প্রিমিয়ার বিশ্ববিদ্যালয়কে দখলমুক্ত করতে আইনের আশ্রয় নেওয়া হয়েছে। এ বিষয়ে আমরা শিক্ষা মন্ত্রণালয়কে অবহিত করেছি, ইউজিসির চেয়ারম্যানকে অবহিত করেছি, আইনজ্ঞদের পরামর্শ নিয়েছি। আইনি প্রক্রিয়াতেই প্রিমিয়ার বিশ্ববিদ্যালয় চসিকের নিয়ন্ত্রণে ফিরবে।

ভবিষ্যতে কোনো মেয়র বা প্রভাবশালী যাতে প্রিমিয়ার বিশ্ববিদ্যালয়কে জবরদখল না করতে পারে সে ব্যবস্থাও করা হবে। আমরা চাই, প্রথমে প্রিমিয়ার বিশ্ববিদ্যালয়কে চসিকের আওতাভুক্ত করে এরপর পর্যায়ক্রমে সংস্কারের কাজ পরিচালনা করব।

প্রসঙ্গত, মেয়র থাকাকালে এবিএম মহিউদ্দিন চৌধুরী ২০০১ সালে প্রবর্তক মোড়ে চসিকের জায়গায় প্রিমিয়ার বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠা করেন। এরপর থেকে কৌশলে বিশ্ববিদ্যালয়টি নিজেদের প্রতিষ্ঠান হিসেবে পরিচালনা করে আসছিল মহিউদ্দিন চৌধুরীর পরিবার। ৫ আগস্ট শেখ হাসিনা সরকারের পতনের পর বিষয়টি নিয়ে বেশ আলোচনা শুরু হয়। সম্প্রতি নতুন মেয়র নির্বাচিত হওয়ার পর ডা. শাহাদাত হোসেন প্রিমিয়ার বিশ্ববিদ্যালয়কে চসিকের প্রতিষ্ঠানে ফিরিয়ে নিতে কাজ শুরু করেন তাছাড়া গত কয়েকদিন ১৭ বছর ধরে বিশ্ববিদ্যালয়টির উপাচার্যের পদে থাকা অধ্যাপক ড. অনুপম সেনের পদত্যাগ চেয়ে বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের ব্যানারে একদল শিক্ষার্থী আন্দোলন করে। পরে চাপের মুখে গত শুক্রবার রাতে উপাচার্য অনুপম সেন, উপ-উপাচার্য ড. কাজী শামীম সুলতানা এবং কোষাধ্যক্ষ তৌফিক সাঈদ পদত্যাগ করেন।